গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০৩০.০৪০.০২.৯৮.৬৭৬.২০১০-২৪৬

তারিখ ঃ ৩০/০৮/১৪২৬ বঃ
১৫/১২/২০১৯ খ্রিঃ

বিষয় ঃ ডাই এ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সারের বিক্রয় মূল্য পুনর্নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কৃষকের উৎপাদন খরচ হ্রাস সুষম সার ব্যবহারে কৃষকগণকে উদ্বুদ্ধকরণ, কৃষি ক্ষেত্রে গাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিসহ টেকসই খাদ্য নিরাপত্তার স্বার্থে ডিএপি সারের মূল্য সকল পর্যায়ে (ডিলার এবং কৃষক পর্যায়) প্রতিকেজি ৯.০০ টাকা হ্রাস করে নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলো ঃ

| সারের নাম | আমদানিকারক/উৎপাদনকারী হতে ডিলারের নিকট বিক্রয় মূল্য (কেজি প্রতি টাকায়) | কৃষক/ব্যবহারকারী পর্যায়ে সর্বোচ্চ বিক্রয় মূল্য (কেজি প্রতি টাকায়) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ডিএপি | ১৪.০০ (চৌদ্দ টাকা) | ১৬.০০ (ষোল টাকা) |

২। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি স্থানীয় বাস্তবতার নিরিখে প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনা করে কৃষক পর্যায়ে স্থানীয় সর্বোচ্চ বিক্রয় মূল্য নির্ধারণ করবে এবং তা কোনভাবেই প্রতিকেজি ১৬/- টাকার বেশী হবে না।

৩। পুনর্নির্ধারিত এ মূল্য মহান বিজয় দিবস ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ থেকে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত উক্ত মূল্য বহাল থাকবে।

পুনর্নির্ধারিত মূল্যে ডিএপি সার বিক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয় সমূহ অনুসরণ করতে হবে ঃ

ক) চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের ০১ জুলাই/১৯ থেকে ১৫ ডিসেম্বর/২০১৯ পর্যন্ত জেলার চাহিদার বিপরীতে বরাদ্দকৃত ডিএপি সার উপ-বরাদ্দ অনুযায়ী ডিলার কর্তৃক উত্তোলিত সারের অবিক্রিত মজুদ নির্ধারণ করতে হবে।

খ) সংশ্লিষ্ট উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য-সচিব হিসেবে উপজেলা কৃষি অফিসার ও স্থানীয় সার ব্যবসায়ী সংগঠন (বিএফএ)'র একজন প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ডিলারগণের অবিক্রিত ডিএপি সারের মজুদ (যদি থাকে) নিরূপণপূর্বক প্রতিবেদন জেলা সার ও বীজ কমিটির অনুমোদনক্রমে কমিটির সভাপতির মাধ্যমে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

| ডিলারের নাম ও ঠিকানা | উপজেলার নাম | কৃষি মন্ত্রণালয়ের বরাদ্দপত্র নং ও তারিখ | জেলা প্রশাসকের উপ-বরাদ্দের স্মারক নং ও তারিখ | উপ-বরাদ্দের আওতায় সারের পরিমান (মে.টন) | উপ-বরাদ্দের বিপরীতে উত্তোলিত সারের পরিমান (মে.টন) | ১৫ ডিসেম্বর/১৯ তারিখ পর্যন্ত কৃষকের নিকট বিক্রয়কৃত সারের পরিমান (মে.টন) | ১৬ ডিসেম্বর/১৯ তারিখ ডিলারের নিকট মজুদকৃত সারের পরিমান (মে.টন) | যে উৎস হতে সার উত্তোলন তার নাম(বিএডিসি/বেসরকারি) বেসরকারি আমদানিকারকের সার উত্তোলন হয়ে থাকলে এলসি নং ও তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| মোট | | | | | | | | |

গ) সার ডিলারগণ ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ হতে পুনর্নির্ধারিত মূল্যে ডিএপি সার কৃষকের নিকট বিক্রয় করবেন। এক্ষেত্রে ১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ ডিলারের নিকট অবিক্রিত মজুদ (যদি থাকে) সারের ভর্তুকিও সংশ্লিষ্ট ডিলার প্রাপ্য হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

ঘ) বেসরকারি আমদানিকারকগণ নিম্নছকে ডিএপি সারের তথ্য ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

| সার আমদানিকার কের নাম | এলসি নং ও তারিখ | আমদানিকৃত সারের পরিমাণ (মে. টন) | কৃষি মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত সারের পরিমাণ (সার বরাদ্দের স্মারকনং ও তারিখসহ) (মে. টন) | জেলার উপ-বরাদ্দপত্র নং ও তারিখ | উপ-বরাদ্দপত্র অনুযায়ী ১৫/১২/১৯ পর্যন্ত ডিলারওয়ারি সার বিক্রয়ের পরিমাণ (মে. টন) | বরাদ্দের বিপরীতে ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ মজুদকৃত সারের পরিমাণ (মে. টন) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

ঙ) কৃষি মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ডিএপি সারের ১৫ ডিসেম্বর/২০১৯ পর্যন্ত ডিলার কর্তৃক উত্তোলিত অংশের ভর্তুকি বিএডিসি, বিসিআইসি ও বেসরকারি আমদানিকারকগণ পূর্ব নির্ধারিত হারে প্রাপ্য হবে।

চ) বিএডিসি, বিসিআইসি ও বেসরকারি আমদানিকারকগকে ১৬ ডিসেম্বর/২০১৯ তারিখ হতে সার ডিলারের নিকট বিক্রিত ডিএপি সারের ভর্তুকি পুনর্নির্ধারিত হারে পরিশোধ করা হবে।

ছ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিএডিসির বিভিন্ন সার বিক্রয় কেন্দ্র, স্থানীয় হাটবাজার, ডিলারগণের বিক্রয়কেন্দ্র, ইউনিয়ন ডিজিটাল সার্ভিস সেন্টার/ইউনিয়ন পরিষদে ব্যানার লাগিয়ে ডিএপি সারের মূল্য হ্রাসের বিষয়টি প্রচার করতে হবে।

জ) ডিএপি সারের মূল্য হ্রাসের বিষয়টি ব্যাপকভাবে প্রচার করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি তথ্য সার্ভিস কার্যকর ভূমিকা রাখবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(শেখ বদিউল আলম)
উপ-প্রধান
ফোন: ৯৫৪০৬০৬
ই-মেইল ঃ alam.badiul@gmail.com

বিতরণ (কার্যার্থে ) ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, ঢাকা।
২। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, দিলকুশা, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৪। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (------------ সকল)। (উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনার অনুরোধসহ)
৫। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ঢাকা।
৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য -সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (------------ সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (------------ সকল)।
৮। উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি (------------ সকল)।
৯। চেয়ারম্যান, বিএফএ, আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।
(সার আমদানিকারকগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। সহকারি প্রোগ্রামার, আই.সি.টি সেল, কৃষি মন্ত্রণালয়।